তারিখ ...27/11/79
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

The Bangladesh Times

010

# সম্ভাব্য স্বল্প সময়ে তিস্তা বাঁধ প্রকল্প বাস্তবায়নে সরকার বদ্ধপরিকর

—প্রেসিডেন্ট জিয়া

ডিমলা (রংপুর), ২৬শে নভেম্বর (বাসস)—প্রেসিডেন্ট জিয়াউর রহমান আজ এখানে এক জনসভায় বলেন, সরকার সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যে তিস্তা বাঁধ প্রকল্প বাস্তবায়নে বদ্ধপরিকর। তিনি বলেন, চলতি মৌসুমেই তিনশত কোটি টাকার এই প্রকল্পের কাজ শুরু হইবে।

এই প্রকল্প বাস্তবায়নের ব্যাপারে বিএনপি'র নির্বাচনী প্রতিশ্রুতির কথা উল্লেখ করিয়া প্রেসিডেন্ট বলেন, জনগণের সহযোগিতায় এবং তাহাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে এই কাজ কিভাবে দ্রুত এবং সফল করিয়া তোলা যায় উহা স্বচক্ষে দেখার জন্য তিনি নিজে এখানে আগমন করিয়াছেন।

তিনি বলেন, এই প্রকল্প বাস্তবায়িত হইলে পনের লক্ষ একর জমিকে সারা বৎসর সেচের আওতায় আনয়ন করা সম্ভব হইবে। এই বাঁধ এতদঞ্চলে জীবন ও ফসল রক্ষা করিবে। উপরন্তু বাঁধ এলাকায় অতিরিক্ত

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্ট জিয়া

(১ম পৃঃ পর)

৫ শত কোটি টাকা মূল্যের ফসল উৎপাদিত হইবে।

উপস্থিত হাজার হাজার মানুষ এই প্রকল্প বাস্তবায়নের কাজে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে কাজ করিয়া যাওয়ার সংকল্প ব্যক্ত করেন।

প্রেসিডেন্টের সহিত ছিলেন বিএনপি'র সেক্রেটারী জেনারেল অধ্যাপক এ,কিউ,এম, বদরুদ্দোজা চৌধুরী এবং ডেপুটি প্রধানমন্ত্রী জনাব মওদুদ আহমদও।

পরে প্রেসিডেন্ট জামালপুর গমন করেন এবং ময়মনসিংহ ও জামালপুর জেলার ইউপি চেয়ারম্যানদের উদ্দেশ্যে বক্তৃতা করেন।

তিনি ইউনিয়ন পর্যায়ের বি এন পি কর্মীদের উদ্দেশ্যেও বক্তৃতা করেন।